R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

সুবর্ণ সুযোগ
Aristocrat Bonus Luggage-
এর সঙ্গে দিচ্ছে চমকপ্রদ উপহার
( খুব অল্প দিনের জন্য )
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া
ফোন : ৫৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

আপনার জীবনের
প্রতিদিনের সঙ্গী
হকিন্স প্রেসার কুকার
অনুমোদিত ডিলার এবং সুদক্ষ
সার্ভিস সেন্টার
প্রভাত ষ্টোর
[দুলুর দোকান]
রঘুনাথগঞ্জ ( ফোন : ৫৩ )

৭৮শ বর্ষ
২৭শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৪শে অগ্রহায়ণ বুধবার, ১৩৯৮ সাল
১১ই ডিসেম্বর ১৯৯১ সাল।
নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## শহরের হোটেল থেকে ২ কেজি ২০০ গ্রাম হেরোইন উদ্ধার

রঘুনাথগঞ্জ : গত ৫ ডিসেম্বর রাত প্রায় তিনটা নাগাদ গোপন সূত্রে খবর পেয়ে স্থানীয় থানার ওসি দুলাল ভট্টাচার্য্য ফুলতলার নিরালা হোটেলে তল্লাসী চালিয়ে ১নং ঘর থেকে ২ কেজি ২০০ গ্রাম হেরোইন উদ্ধার করেন। এবং লালগোলা থানার নতুনগ্রাম চাটাইডুবির আন্তর্জাতিক চোরা কারবারী ইসমাইল সেখ ও হাসান আলীকে গ্রেপ্তার করেন। তদন্তে প্রকাশ এরা কানপুর থেকে হেরোইনের প্যাকেটগুলি এনে লালগোলা বর্ডার পেরিয়ে বাংলাদেশে যাবার চেষ্টায় ছিল। ৬১০ গ্রামের ১ প্যাকেট ও ৫৩০ গ্রাম করে ৩ প্যাকেট মোট 4 প্যাকেট হেরোইন আটক করা হয়। এর বাজার দর প্রায় ২ লক্ষ ২০ হাজার টাকা। গ্যাঙের সৌকত সেখকে গ্রেপ্তার করতে ৭ ডিসেম্বর রাতে পুলিশ চাটাইডুবিতে তার বাড়ীতে হানা দিলে সৌকত গা ঢাকা দেয়। গত ৮ ডিসেম্বর এ্যাডিঃ এস, পি, থানায় এসে আটক করা হেরোইন দেখে যান ও আসামীদের ব্যাপারে আলোচনা করেন।

## হাজি মাস্তান না আসায় উদ্যোক্তারা হতাশ

অরঙ্গাবাদ : গত ৩ ডিসেম্বর নিমতিতা ব্যাঙডুবির মাঠে হাজি মাস্তানের উপস্থিতি প্রচার করে এক বিশাল মুসলিম ধর্মীয় সভা ডাকা হয়। তার আহ্বায়ক ছিলেন 'ইয়ং ইসলামিক সেণ্টার' নামে এক সংস্থা। দিল্লী, কলকাতা; বর্দ্ধমান ছাড়াও স্থানীয় বিভিন্ন এলাকার মৌলভী, মৌলানারা এই সভায় উপস্থিত হয়ে বক্তব্য রাখেন। সভার প্রধান আকর্ষণ ছিল হাজি মাস্তানের উপস্থিতি। কিন্তু তিনি হাজির না হওয়ায় উপস্থিত শ্রোতারা হতাশ হয়ে পড়েন। আশপাশ গ্রামের প্রায় 40/50 হাজার বালক, যুবক, বৃদ্ধ, বৃদ্ধারা এই সভায় অংশ নেন। ৩ ডিসেম্বর দুপুর ১২টা থেকে পরদিন ভোর ৫টা পর্যন্ত সভা চলে। বিভিন্ন মৌলভী মৌলানার কণ্ঠে একই সুরে ধ্বনিত হয় সরকারের পরিবার পরিকল্পনার বিরুদ্ধে ব্যঙ্গাত্মক সুর। বক্তারা বলেন—আল্লা কুকুর বিড়াল পশুপাখীকে বাচ্চা পয়দা করার হুকুম দিয়েছেন। (৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## সমসেরগঞ্জ থানা এখন সমাজবিরোধীদের কবজায়

ফরাক্কা : সমসেরগঞ্জ থানার মালঞ্চা, কৃষ্ণনগর প্রভৃতি গ্রামগুলোতে গত কয়েক মাস ধরে ডাকাতি, ছিনতাই, রাহাজানি ও লুঠপাটের রাজত্ব চলছে। এমন দিন নেই যে ঘরবাড়ী লুঠ-পাট, ভাঙচুর, মেয়েদের শ্লীলতাহানির ঘটনা ঘটছে না। সমাজবিরোধীদের বেপরোয়া আক্রমণে নিরীহ লোক জখম ও গ্রামছাড়া হচ্ছেন। সকলেরই অভিযোগ পুলিশ নিষ্ক্রিয়। এলাকাগুলোতে সমাজবিরোধীদের দাপট ক্রমশঃ বেড়েই চলেছে। দিন দুপুরে বোমা, পিস্তল ও পাইপ গানের শব্দে সাধারণ মানুষ আতঙ্কিত। এক মাসের মধ্যে দুষ্কৃতকারীরা প্রায় ৩০/40টি পরিবারের সর্বস্ব লুট করেছে। এই সমস্ত অঞ্চলের মানুষজন পুলিশের কাছ থেকে কোন প্রতিকার না পেয়ে অগত্যা জেলা কংগ্রেসের নেতৃত্বের এবং ত্রাণমন্ত্রী ছায়া ঘোষের শরণাপন্ন হন। মন্ত্রী এ ব্যাপারে জেলা পুলিশ সুপার ও ডি এমের সঙ্গে দেখা করে জরুরী ভিত্তিতে পুলিশী ব্যবস্থা নিতে অনুরোধ জানালে অঞ্চলগুলিতে সারাক্ষণের জন্য পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। গত ২৬ নভেম্বর বেলা ৩টা নাগাদ অঞ্চলের দুর্ধর্ষ তিনজন দুর্বৃত্ত বরজাহান সেখ, কালু সেখ ও মজি বুর সেখ একটি মোটর সাইকেলে ( ডবলু জি ডি—১৫৬৩) ( ৩য় পৃঃ দ্রঃ )

## সংসদের নির্বাচনকে কেন্দ্র করে কলেজে বিশৃঙ্খলা

জঙ্গিপুর : আগামী ২৩ ডিসেম্বর স্থানীয় কলেজ ছাত্র সংসদের নির্বাচনের দিন ঠিক হওয়ার পরিপ্রেক্ষিতে গত ২ ডিসেম্বর ছিল প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। সি পি সংগঠনের পক্ষে অভিযোগ ঐ দিন এস এফ আই এর ছাত্র সমর্থকেরা তাদের বি-এ দ্বিতীয় ( শেষ পৃঃ দ্রঃ )

## স্থগিতাদেশ বিলির পূর্ব্বে নির্ব্বাচন শেষ

জঙ্গিপুর : স্থানীয় উচ্চ বালিকা বিদ্যালয়ের পরিচালন সমিতির প্রতিনিধি নির্বাচন গত ৮ ডিসেম্বর শেষ হয় বলে খবর। এই নির্বাচনে বামদল জোট নিরঙ্কুশ জয়লাভ করেন। অপর দিকে জানা যায় জনৈক বিদ্যাচরণ সিংহ রায়ের পক্ষ থেকে আদালতে স্থগিতাদেশ প্রার্থনা করলে গত ৬ ডিসেম্বর জঙ্গিপুর ১ম মুন্সেফ স্থগিতাদেশ জারী করেন। কিন্তু নোটিশটি ( শেষ পৃঃ দ্রঃ )

সেরা কার্ড, সঠিক দাম ;
ক ার্ডস্ ফেয়ার" তারই নাম ॥
কার্ড ! কার্ড !! কার্ড !!!
শুভ বিবাহ, অন্নপ্রাশন, উপনয়ন, গ্রীটিংস, ইনভাইটেশন, ভিজিটিং ইত্যাদি সমস্ত প্রকার অত্যাধুনিক ডিজাইনের কার্ডের বিপুল সম্ভারে সজ্জিত হয়ে শহরে সর্বপ্রথম একমাত্র কার্ডের শোরুম হিসাবে আত্মপ্রকাশ করল—
কার্ডস্ ফেয়ার
(পণ্ডিত প্রেস সংলগ্ন)
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন নং—আর জি জি ১১২
(এখানে জেরক্স ফটোকপিও করা হয়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

২৪শে অগ্রহায়ণ বুধবার ১৩৯৮ সাল


## রূপালি রেখা

বহু-প্রচলিত কবির উক্তি: "মেঘ দেখে কেউ করিস নে ভয়/আড়ালে তার সূর্য হাসে।"—সকলেরই জানা। বর্তমান নিবন্ধ লিখিতে ইহা মনে পড়িতেছে। কেহ কেহ তাহাদের কাজকর্মে নানা প্রকারে নিন্দাভাজন হয়। তাহাদের বিরুদ্ধ সমালোচনায় সকলে মুখর হয়। কিন্তু আবার তাহারা কখনও কখনও এমন প্রশংসনীয় কাজ করিয়া থাকে যাহার জন্য বাহবা লাভ করিয়া থাকে।

রাজ্যস্তরে সার্বিকভাবে পুলিশ বিভাগ আজ নানাভাবে নিন্দিত হইতেছে দেখা যায়। পুলিশ নাকি ক্ষমতাসীন দলের একান্ত বশংবদ হইয়া পড়িয়াছে এবং তাহাতে বহু ক্ষেত্রে ন্যায়নীতি বর্জন করিয়া এমন কাজ করিতেছে যে, এই বিভাগ সম্বন্ধে বিশেষতঃ এই বিভাগের নৈতিক মূল্যবোধ সম্বন্ধে অনেকে হতাশ হইয়া পড়িতেছেন। নাকি বলা হয় যে, পুলিশের পবিত্র কর্তব্য বিষয়ে মানুষ আর আশা করিতে পারে না বা আস্থা রাখিতে পারিতেছে না। ইহাই হইতেছে সেই কৃষ্ণমেঘ যাহা মানুষের মনকে পীড়িত করিতেছে। কিন্তু এই মেঘের মধ্যেও রূপালি রেখা দেখা দিতে পারে।

বস্তুতঃ স্থানীয় পুলিশ বিভাগ এই অঞ্চলে এমন কিছু কাজ করিয়াছেন বা করিতেছেন যাহা ঘনমেঘে রূপালি রেখার মত। আর এই কাজ যে প্রশংসার দাবী রাখিবে তাহা অনস্বীকার্য।

কিছুদিন হইতে পুলিশ সোনার বিস্কুট পাচার করা ধরিয়াছেন; আগ্নেয়াস্ত্রসহ দুষ্কৃতিদের ধরিয়াছেন। মিয়াপুরে সুশান্ত মাঝিকে স্বয়ংক্রিয় পিস্তলসহ ধরা হয়। সাগীন গ্রামের জয়হিন্দ মাঝি দুইটি পিস্তল ও রাইফেলের গুলিসহ ধরা পড়ে। নূতন জয়রামপুরের বুদ্ধু সেখ, যে কিছুদিন পূর্বে জঙ্গিপুর বাসষ্ট্যাণ্ডে জনৈক ব্যবসায়ীকে ছোরা মারিয়া জিনিস ছিনতাই করে, ধরা পড়ে পিস্তল ও গুলিসহ। আবার মহম্মদপুরের নামকরা দুর্বৃত্ত শুকুল সেখ ও কিসমত সেখকে ধরা হয় বলিয়া খবর। অতি সম্প্রতি এই শহর হইতে এখানকার পুলিশ প্রায় আড়াই লক্ষ টাকার হেরোইনসহ পাচারকারীকে ধরেন।

এই সব যে ধরপাকড় হইতেছে, তাহা এখানকার ওসি ও মেজ দারোগার তৎপরতায় সম্ভব হইতেছে। ফলতঃ ইঁহারাই কৃষ্ণমেঘের মধ্যে রূপালি রেখা। আমরা তাঁহাদের অজস্র ধন্যবাদ জানাইতেছি। এই সমস্ত সমাজ-বিরোধীদের নানা অপকর্ম তাঁহারা যেভাবে ধরিতেছেন, তাহা সাধুবাদের যোগ্য। পুলিশ সম্পর্কে সাধারণের আজ যে নাসিকাকুঞ্চন দেখা যায়, উল্লেখিত অফিসারদের কাজ যেন দৈত্যকুলে প্রহ্লাদের মত।

## চিঠি-পত্র

(মতামত পত্র লেখকের নিজস্ব)

### ষ্টেট বাস প্রসঙ্গে

বহু ষ্টেট বাস একসময় রঘুনাথগঞ্জ ফুলতলা হয়ে গন্তব্যস্থলে যাতায়াত করতো। বর্তমানে সে বাসগুলো রঘুনাথগঞ্জ ফুলতলা না ঢুকে উমরপুর হয়ে চলে যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার ষ্টেট বাস চালু করে জনসাধারণের চলাচলের সুবিধা করার চেষ্টা করেছেন। কিন্তু বাসগুলো রঘুনাথগঞ্জ ফুলতলায় না আসার দরুণ বাস যাত্রীদের নানারূপ অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। রঘুনাথগঞ্জ জঙ্গিপুর মহকুমার প্রধান শহর। প্রতিদিন হাজার হাজার যাত্রী এই শহরে আসা-যাওয়া করেন। এই প্রসঙ্গে জানাই—সিউড়ী-মালদা, বহরমপুর-মালদা প্রভৃতি রুটের সরকারী বাসগুলো ভায়া রঘুনাথগঞ্জ ফুলতলা হয়ে কয়েকমাস পূর্বেও যাতায়াত করতো। রাষ্ট্রিয় পরিবহণ সংস্থার উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ সকল শাখার উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি—যাতে যাত্রী-সাধারণের সুবিধার্থে অবিলম্বে পূর্বের ন্যায় ভায়া রঘুনাথগঞ্জ ফুলতলা হয়ে উল্লিখিত রুটের বাসগুলো চলাচল করে।

বিশ্বেশ্বর চক্রবর্তী
রঘুনাথগঞ্জ, ৬-১২-৯১

## পত্র পত্রিকা সমাচার

[১৭ নভেম্বর ১৯৯১ এর ওভারল্যাণ্ড]

....প্রবাদপ্রতিম দাদাঠাকুর প্রতিষ্ঠিত 'জঙ্গিপুর সংবাদ' পত্রের শারদ সংকলন যথারীতি প্রকাশিত হয়েছে। রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ থেকে নিয়মিত এটি প্রকাশ করে চলেছেন অনুত্তম পণ্ডিত। এবারের সংকলনে 'সাঁওতাল বিদ্রোহের কালে জঙ্গিপুর' বিষয়ে একটি তথ্যপুষ্ট নিবন্ধ পড়া গেল। রচনাকার চিত্ত দাস। 'ইংরেজ রাজরোষে শান্তিনিকেতন' প্রসঙ্গে জানিয়েছেন আব্দুর রাকিব। একগুচ্ছ গল্প, কবিতা ও রম্য রচনা ছাড়াও একটি উপন্যাস লিখেছেন চুনীলাল রায়——

—অভিজিৎ সিরাজ

## লুটপাট ও অগ্নিসংযোগের সঙ্গে জড়িতরা সি পি এমের সমর্থনপুষ্ট—কংগ্রেস

ফরাক্কা: গত ২১ নভেম্বর সমসেরগঞ্জ থানার উত্তর কৃষ্ণনগরে সমাজবিরোধীদের একটি দল অত্যাচার চালিয়ে ৮/১০টি বাড়ী লুটপাট করে ও আগুন ধরিয়ে দেয়। অত্যাচারে অনেক গ্রামবাসী গ্রাম ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হয় বলে খবর। এই ঘটনার পরিপ্রেক্ষিতে কংগ্রেসের শ্রমিক নেতা মাইনুল হক বলেন—এই আক্রোশের কারণ পুরানো গ্রাম্য বিবাদ। গ্রামটিকে কংগ্রেসের হাত থেকে সম্পূর্ণ দখল করতেই সি পি এমের সমাজবিরোধীরা গ্রামে সন্ত্রাস সৃষ্টি করে এবং লুটপাট চালায়। পুলিশ এদের সন্ধানে গেলে পার্শ্ববর্তী বিহারের গ্রামে এঁরা আত্মগোপন করে বলে জানা যায়। অস্থায়ী পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। গ্রামবাসীরা এই পরিস্থিতিতে এখানে স্থায়ী পুলিশ ফাঁড়ি বা ক্যাম্পের দাবী করছেন।

## সাংস্কৃতিক অনুষ্ঠান

রঘুনাথগঞ্জ: গত ২৪ নভেম্বর বিকেলে স্থানীয় বাণীপুরে আনন্দধারা সঙ্গীত মহাবিদ্যালয় বাণীপুর শাখার উদ্বোধন উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রঘুনাথগঞ্জ ২নং ব্লকের পশু চিকিৎসক দিব্যদর্শন সিন্হা।

## জেলা সম্মেলন

নিজস্ব সংবাদদাতা: গত ২০ নভেম্বর বহরমপুর গোরাবাজারে আই সি আই বিদ্যালয়ে সারা বাংলা প্রাথমিক শিক্ষক সমিতির পঞ্চদশ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। শিক্ষক প্রতিনিধিদের উপস্থিতিতে আগামী বারের জন্য জিতেন সাহাকে সভাপতি, রবীন্দ্র ঘোষকে সম্পাদক করে ২৫ জনের এক পরিচালন কমিটি গঠিত হয়।

## আধুনিক প্রযুক্তি প্রয়োগে ধানের প্রচুর ফলন

সাগরদীঘি: চাষ শুরু হওয়ার সময় প্রকৃতির খামখেয়ালী বর্ষণে চাষীরা এ বছর ধান ঠিক-মত ফলবে কিনা এই দুশ্চিন্তায় ছিলেন। ব্লকের কৃষি বিভাগ তখন থেকেই মাঠে মাঠে ঘুরে চাষীদের আধুনিক প্রযুক্তি শেখাতে থাকেন। এখনও কৃষি উন্নয়ন আধিকারিক অজিত দাস গ্রামে গ্রামে ঘুরে প্রযুক্তি শিক্ষা দিচ্ছেন বলে খবর। এবার ধানের ফলন হয়েছে আশাতীত। আশা করা যায় রবি শস্যও এবছর ভালই ফলবে। কিন্তু গরু মহিষের অত্যাচার থেকে ফসল বাঁচাতে না পারলে তা ঘরে তোলা সম্ভব নয় বলে চাষীরা চিন্তিত। এ ব্যাপারে তাঁরা পঞ্চায়েতের সাহায্য চেয়েছেন।

## সাক্ষরতা কর্মসূচী উদ্‌যাপনে পদযাত্রা

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর পৌরসভার উদ্যোগে পৌরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য গত ৯ ডিসেম্বর পৌরসভা ভবন থেকে এক সর্বদলীয় পদযাত্রা অভিযান করেন সাক্ষরতা কর্মসূচীর প্রথম পদক্ষেপ হিসাবে। ফ্লাগ ফেষ্টুন সহযোগে বিভিন্ন স্লোগান দিতে দিতে প্রায় তিন হাজার মানুষ শহর পরিক্রমা করে। পৌরসভার এই উদ্যোগকে শহরের সকল স্তরের মানুষ স্বাগত জানান।

## প্রতারণার দায়ে মহিলা গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ : গত ২৬ নভেম্বর বহরমপুর ডি ই বি স্থানীয় পুলিশের সাহায্যে প্রতারণার দায়ে জনৈকা মহিলা ও তার স্বামীকে গ্রেপ্তার করে বলে জানা যায়। পুলিশী সূত্রে খবর বর্তমানে জঙ্গিপুর মহকুমা হাসপাতাল সংলগ্ন রাস্তায় লেপ তোষকের দোকানের মালিক কবীর সেখ ও তার স্ত্রী সামসুন্নেশাকে তাদের স্থানীয় বালিঘাটা বাসা বাড়ী থেকে বিভিন্ন অভিযোগে গ্রেপ্তার করা হয়। অভিযোগ বিয়ের আগে লালবাগে থাকাকালীন কবীরের স্ত্রী সামসুন্নেশা ঝাড়ফুঁকে রোগ নিরাময়ের ব্যবসা করতো। সেই সময় বহরমপুর ষ্টেট ব্যাঙ্কের কর্মী জনৈক মিঃ রায়ের চিকিৎসা করার ছল ছুতোয় তাঁর স্ত্রীর কাছ থেকে ফুসলিয়ে চল্লিশ হাজার টাকা ও ৩০/৩৫ ভরি সোনার গহনা হাতিয়ে নেয়। মিঃ রায়ের স্ত্রীকে ভয় দেখানো হয় যে টাকা ও গহনা নেওয়ার কথা অপরকে বললে তাঁর স্বামী মারা যাবেন। রায়বাবু কিছুদিনের মধ্যে মারা যান। তখন তাঁর স্ত্রী এই বুজরুকির বিরুদ্ধে এস পির কাছে সব ঘটনা জানান। এস পির নির্দ্দেশেই পুলিশ এই অভিযান চালিয়ে সামসুন্নেশা ও তার স্বামীকে গ্রেপ্তার করে।

## ন্যাশানাল স্পোর্টস এ্যাক্রোবেটিক্‌স্ চ্যাম্পিয়ন শিপ

মির্জাপুর : গত ৮ ডিসেম্বর ন্যাশানাল স্পোর্টস এ্যাক্রোবেটিক্‌স চ্যাম্পিয়ান শিপের নির্বাচন ট্রায়ালে স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবের চারজন জিমন্যাষ্ট নির্বাচিত হলেন। এই চারজন তপন হালদার, সোমনাথ দাস, সোনালী ভাস্কর ও রুবি ভাস্কর দিল্লীর দিকে রওনা হয়েছেন। আগামী ১৬ এবং ১৭ ডিসেম্বর দিল্লীতে চ্যাম্পিয়ান শিপের অনুষ্ঠান হবে।

### উদ্যোক্তারা হতাশ

(১ম পাতার পর)

তিনি তাদের মুখের গ্রাস যোগাড়ও করে দিচ্ছেন। তাই আল্লার প্রধান সন্তান মানুষেরও উচিৎ সরকারের কথায় কান না দিয়ে আল্লার হুকুমত মত সন্তান উৎপাদন করে যাওয়া। ফেমিলী প্ল্যানিং শরিয়ত বিরোধী। এ প্ল্যান বানচাল করে আল্লার ইচ্ছা পূরণ করুন। তিনিই দেখনেওয়ালা। সকলের ভালমন্দ, খেতে পাওয়া না পাওয়া সবই তাঁর কাজ।

## গণনাট্য সংঘের প্রস্তুতি কমিটি গঠন

মনিগ্রাম : গত ১ ডিসেম্বর মনিগ্রাম অঞ্চল অফিসে স্থানীয় বিধায়ক পরেশ দাসের সভাপতিত্বে এই অঞ্চলের সমস্ত স্তরের সাংস্কৃতিক কর্মীদের নিয়ে ভারতীয় গণনাট্য সংঘের একটি প্রস্তুতি কমিটি গঠিত হয়। এই কমিটির আহ্বায়ক হয়েছেন বিমল দাস। গণনাট্য সংঘ মুর্শিদাবাদ জেলা কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন মানিক চট্টোপাধ্যায়। জেলা কমিটির অনুমোদন সাপেক্ষে এই সাংস্কৃতিক সংগঠনটির নামকরণ 'কলতান' সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন মানিক চট্টোপাধ্যায়। এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক পরেশ দাস, বিমল দাস, সুজন চক্রবর্ত্তী। স্থানীয় শিল্পীরা এই অনুষ্ঠানে সঙ্গীতে অংশগ্রহণ করেন।

### সমাজবিরোধীদের কব্জায়

(১ম পাতার পর)

চেপে পালাবার সময় ক্যাম্পের জনৈক হোমগার্ড ভূষণের সাহসিকতায় তারা ধরা পড়ে বলে খবর। দুর্বৃত্তদের জঙ্গিপুর কোর্টে পাঠানো হয়। স্থানীয় কংগ্রেস নেতা নজেদ আলি ক্ষোভের সঙ্গে আমাদের প্রতিনিধিকে জানান এ সমস্ত এলাকার মানুষের কোন নিরাপত্তা নেই।


## চলো যাই মুর্শিদাবাদে

সুপ্রাচীন ঐতিহ্যময় মুর্শিদাবাদের পর্যটন ব্যবস্থার উন্নয়ন,, অর্থনৈতিক বিকাশ ও জাতীয় সংহতির প্রসারে অনুষ্ঠিত হতে চলেছে—

## মুর্শিদাবাদ উৎসব ও মেলা

পরিচালনায় : মুর্শিদাবাদ জেলা পরিষদ

স্থান : নবাব বাহাদুর বিদ্যালয় ময়দান, লালবাগ

তারিখ : ২৫—২৭ ডিসেম্বর, ১৯৯১

প্রতিদিন বেলা ২টা—রাত ৮টা

লোক সংস্কৃতি অনুষ্ঠান, প্রদর্শনী, আলোচনা সভা, পূর্বাঞ্চলসংস্কৃতি পরিষদের উদ্যোগে ভিন্ন রাজ্যের লোকনৃত্য।

বহরমপুর—লালবাগ পর্যন্ত বিশেষ বাস সার্ভিস, পর্যটন কেন্দ্রগুলি দেখার জন্য কণ্ডাক্টেড ট্যুর, গঙ্গা বক্ষে লঞ্চ ভ্রমণ প্রভৃতি।

মুর্শিদাবাদ উৎসব কমিটি



**National Thermal Power Corporation Ltd.**
(A Government of India Enterprise)
Farakka Super Thermal Power Project
Nabarun-742236, Murshidabad, West Bengal

**Corrigendem to Advt. no. FS/RECT/2-91**

For the post of Lab Analyst at Sl. No. 2, the maximum age limit for the candidates having B.Sc. (Chemistry) with 13 years experience will be 35 years,

All other terms and conditions shall remain unaltered,



আমাদের বৈশিষ্ট্য পরিচ্ছন্ন ও ত্রুটিহীন কাজ

## পণ্ডিত প্রেস

রঘুনাথগঞ্জ (ফোন ১১২)

নতুন বছরের ক্যালেণ্ডারের অর্ডার নেওয়া হচ্ছে। ক্যাটালগ দেখে পছন্দ করুন।

## বি জে পি থেকে কংগ্রেসে

ধুলিয়ান ঃ স্থানীয় পৌরসভার বি জে পি কমিশনার প্রকাশ সিংহ এক লিখিত বিবৃতি দিয়ে কংগ্রেসে যোগদানের কথা জানান। ৪ ডিসেম্বরের ঐ বিবৃতিতে তিনি জানান স্থানীয় বি জে পির সি পি এমকে সমর্থন করে বর্তমান পুর-বোর্ড ভাঙ্গার চক্রান্ত তিনি সমর্থন করতে না পারায় তাঁর এই পদ-ত্যাগ।

## কলেজে বিশৃঙ্খলা

( ১ম পৃষ্ঠার পর )

বর্ষের প্রকাশ সাহা, প্রথম বর্ষের রাজকুমার সিংহ রায়, দেবাশীষ সিংহ রায়, বি-এস-সি প্রথম বর্ষের রুহুল আমিন ও বি-এ দ্বিতীয় বর্ষের তোরাআলী খাঁনের উপর চড়াও হয়ে মারধোর করে। সি পির ছাত্ররা এ ব্যাপারে অধ্যক্ষকে এক লিখিত অভিযোগ জানিয়ে এর প্রতিকার দাবী করে। তাঁরা বলেন সি পি এম লোকাল কমিটির মদতে মৃদুলকুমার সিংহ রায়, কাদের আলী, শুভাশীষ মুখার্জী, রফিক সেখ, কাজল দাস, এস এফ আই এর জি এস আজাদ সেখ আরো কিছু যুবকের সহায়তায় এই জঘন্য ঘটনা ঘটে। অধ্যক্ষ এবং ঘটনাস্থলে পুলিশ নিষ্ক্রিয় ছিল বলেও তাঁদের অভিযোগ। বারবার অভিযোগ জানালে পুলিশ উল্টে আক্রান্ত রাজকুমারকেই গ্রেপ্তার করে সি পি এম সমর্থক ছাত্রদের সাহায্য করে বলে সি পির সমর্থকরা অভিযোগ করেন। তাঁরা আরো জানান, পরে চাপে পড়ে রাজকুমারকে মুক্তি দেওয়া হয়। সি পির তরফে স্থানীয় থানায় গত ২ ডিসেম্বর ( জি ডি নং ৬২ ) ডায়েরী করা হয়। সি পির ছাত্র সমর্থকদের মন্তব্য—এস এফ আই ও স্থানীয় সি পি এম এর নিপীড়নের মুখে সুষ্ঠু নির্বাচন কোন মতেই সম্ভব নয়।

## নির্বাচন শেষ

( ১ম পৃষ্ঠার পর )

স্কুলের বর্তমান ভারপ্রাপ্তা প্রধান শিক্ষিকা দেবরাণী বিশ্বাসের ব্যক্তি-গত নামে দেওয়ায় এবং তিনি ছুটিতে থাকায় অন্য কেউ তা গ্রহণ করেননি। ফলে যথারীতি নির্বাচন অনুষ্ঠিত ও ফল ঘোষিত হয়।


### ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক
ফরাক্কা শাখা

### প্রকাশ্য নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে আগামী ২৮শে ডিসেম্বর ১৯৯১ তারিখে ( শনিবার ) বৈকাল ৩ ঘটিকায় ভারতীয় ষ্টেট ব্যাঙ্কের ফরাক্কা শাখায় বিভিন্ন অ্যাকাউণ্ট গচ্ছিত আনুমানিক ৩৮৩ গ্রাম ওজনের স্বর্ণালঙ্কার প্রকাশ্য নিলামে বিক্রয় করা হইবে। আগ্রহী ক্রেতাগণকে উক্ত নিলামে অংশ গ্রহণ করিতে আহবান করা হইতেছে।

প্রকাশ থাকে যে, কোন রকম কারণ না দর্শাইয়া উক্ত নিলাম সম্পূর্ণরূপে বা আংশিকরূপে নিলামের পূর্বে বা নিলাম চলাকালীন সময়ে স্থগিত রাখিবার অধিকার ব্যাঙ্ক কর্তৃক সংরক্ষিত।

| | | | |
|---|---|---|---|
| অ্যাকাউণ্ট নং | ২২।২৮ | ২৩/২৩ | |
| | ২৪।২৩ | ২৪/২৯ | ২৪/৩১ |
| | ২৪।৩৬ | ২৪/৬৪ | ২৪/৪২ |
| | ২৪।৫৭ | ২৪/২০ | ২৫/৩ |
| | এবং ২৫/৮ | | |

শাখা প্রবন্ধক
ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া
ফরাক্কা শাখা


## রিপেয়ারিং কাজে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হবে

রঘুনাথগঞ্জ ঃ উমরপুর ১৩২ কেভি সাব ষ্টেশনে রিপেয়ারিং ও অন্যান্য কাজের জন্য আগামী ১৮ ডিসেম্বর পর্যন্ত সকাল আটটা থেকে বেলা দুটোর মধ্যে মাঝে মাঝে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে বলে বিদ্যুৎ বিভাগ সূত্রে জানা যায়। ১৮ ডিসেম্বর ও ১৩ জানুয়ারী এই দু'দিন ঐ কাজের প্রয়োজনে সারাদিন বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকতে পারে বলেও ঐ সূত্র থেকে জানা যায়।


বিশেষ সুযোগ

বাজার অপেক্ষা কম দামে
আসল কাশ্মীরী শাল
১০% রিবেটে পাওয়া যাইবে।
আসুন
সংগ্রহ করুন

মহাবীর বস্ত্রালয়
ফুলতলা ★ রঘুনাথগঞ্জ
ফোন নং ঃ আর জি জি ১০৭

সুবিধাজনক ও সহজ কিস্তিতে সাইকেল, টিভি, রিক্সা, স্কুটার ইত্যাদি দেওয়া হয়।

যোগাযোগ কেন্দ্র ঃ
শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ
গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

রেজিঃ এবং হেড অফিস
দরবেশপাড়া ঃ রঘুনাথগঞ্জ ঃ মুর্শিদাবাদ

এ. মুখার্জী
ম্যানেজিং ডাইরেক্টর

Centre for Career Development Courses

এখানে সুযোগ রয়েছে ঃ—
১। কমপিউটার ট্রেনিং ২। স্পোকেন ইংলিশ
৩। ব্যাঙ্কিং ও রেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি এবং
৪। কমার্স শিক্ষার।

নতুন বছরের ভর্তি চলছে। যোগাযোগ করুন ঃ
এস. এন. চ্যাটার্জী বি. পি. চ্যাটার্জী
পাকুড়তলা
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।